

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-১ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

নথি নং- ৪৬.০১৭.০২৮.০০.০০.০২১.২০১৫- ০৭৬

তারিখ : ০২ শ্রাবন, ১৪২৪
১৭ জুলাই, ২০১৭

বিষয় : চুয়াডাঙ্গা জেলার সদর উপজেলার গড়াইটুপি ইউনিয়ন (নবগঠিত) ইউনিয়ন পরিষদে প্রশাসক ও সদস্য নিয়োগ সংক্রান্ত।

সূত্র : জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা কার্যালয়ের স্মারক নং-২৭৮(৩)(যঃ), তারিখ : ১৩/০৬/২০১৭ খ্রিঃ।


উপর্যুক্ত বিষয়ে ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে, জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা এর প্রস্তাব মোতাবেক স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ১৮ ধারা অনুসরণে নিম্নলিখিত কর্মকর্তা ও ব্যক্তিগণকে নবগঠিত গড়াইটুপি ইউনিয়ন পরিষদে প্রশাসক ও সদস্য হিসেবে নির্দেশক্রমে নিয়োগ প্রদান করা হলোঃ

গড়াইটুপি ইউনিয়ন (নবগঠিত)			
ক্রমিক	নাম	প্রস্তাবিত কর্মকর্তা/ব্যক্তির নাম ঠিকানা	কমিটিতে পদবী
০১.	জনাব বিকাশ কুমার সাহা	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।	প্রশাসক
০১.	জনাব মোঃ নেয়ামত হোসেন	ইউনিয়ন উপসহকারী কৃষি কর্মকর্তা, বোলদিয়া ব্লক, উপজেলা কৃষি অফিসার, চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।	সদস্য
০২.	জনাব মোঃ হাফিজুর রহমান	ইউনিয়ন ভূমি উপসহকারী কর্মকর্তা, তিতুদহ ইউনিয়ন ভূমি অফিস, চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।	সদস্য
০৩.	জনাব মোঃ আসাদুল ইসলাম	ইউনিয়ন সমাজকর্মী, উপজেলা সমাজ সেবা অফিস, চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।	সদস্য
০৪.	জনাব সন্যাসী কুমার পাল	প্রধান শিক্ষক, গড়াইটুপি সরকারী প্রাথমিক বিদ্যালয়, চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।	সদস্য
০৫.	জনাব সামসুন্নাহার	এফডব্লিউএ, উপজেলা পরিবার পরিকল্পনা অফিস, চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।	সদস্য

০২. উল্লিখিত প্রশাসক এবং সদস্য নিম্নোক্ত শর্তানুযায়ী নবগঠিত গড়াইটুপি ইউনিয়ন পরিষদের দায়িত্ব পালন করবেন :

শর্ত :

- উল্লিখিত কর্মকর্তা এবং ব্যক্তিগণ গড়াইটুপি ইউপি প্রশাসক এবং সদস্য নিযুক্তির তারিখ হইতে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ১৮(১) ধারা মোতাবেক ১২০ (একশত বিশ) দিনের অধিক সময় দায়িত্বে থাকিতে পারিবেন না;
- কোন দৈব-দুর্বিপাকের কারণে এই আইনের বিধান মোতাবেক নির্বাচিত পরিষদ গঠন করা সম্ভব না হইলে সরকার উক্ত মেয়াদ অনধিক ৬০ (ষাট) দিন বৃদ্ধি কার্যতে পারিবে;
- উক্ত সময়-সীমার মধ্যে উল্লিখিত ইউনিয়ন পরিষদের নির্বাচন অনুষ্ঠানের কার্যক্রম গ্রহণ করিতে পারিবে।


(মোঃ মাহাবুবুর রহমান)
উপ সচিব
ফোন : ৯৫৮৬৬০৫

জেলা প্রশাসক
চুয়াডাঙ্গা।

অনুলিপি :

- সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- উপজেলা নির্বাহী অফিসার, চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।
- কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।